মুজিবনগরে সিগারেট জব্দ

মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে এ অভিযান চালানো হয়। মেহেরপুর সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর মো: তারিকুল ইসলামের নেতৃত্বে মুজিবনগর উপজেলার বল্লভপুর বাজারের মিন্টু স্টোর থেকে ধ‚মপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন ২০০৫ এর ১০ ধারা ও ২০১৫ এর বিধি ৯ এর (ঙ) মোতাবেক ২শ শলাকা সিগারেট জব্দ করা হয়।

উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর মো: তারিকুল ইসলাম জানান, জাপান টোব্যাকো কোম্পানি এ সমস্ত পুরাতন স্বাস্থ্য সতর্কতা সম্বলিত সিগারেট বাজারে বিক্রি করছে। গোপন সংবাদের ভিত্তিতে এ সকল সিগারেট জব্দ করা হয় বলে তিনি জানান।

- মুজিবনগর অফিস

মজিবনগরে সড়ক পরিবহন আইন ২০১৮ প্রচারণা লিপলেট বিতরণ

মেহেরপুরের মুজিবনগরে সড়ক পরিবহন আইন ২০১৮ প্রচারপত্র বিলি। মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশের উদ্যোগে সড়ক পরিবহন আইন ২০১৮ এর প্রচার পত্র বিলি করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর ১২ টার দিকে মেহেরপুর জেলা মুজিবনগর থানার দারিয়াপুর বাজারে মেহেরপুর জেলা ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেনের নেতৃত্বে মেহেরপুর জেলা পুলিশ কর্তৃক সড়ক পরিবহন আইন ২০১৮ প্রচারপত্র বিলি করা হয় ।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার ওসমান গনি, মুজিবনগর থানার ওসি আব্দুল হাশেম, মেহেরপুর জেলা ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, গোলাম মুজতবা, ট্রাফিক সার্জেন্ট নাজমুল হাসান খান, ট্রাফিক টি এস আই মকবুল হোসেন প্রমুখ।

- মুজিবনগর অফিস

মেহেরপুর পৌরসভার ড্রেন ও রাস্তার ঢালাই কাজ পরিদর্শন

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ, সেক্টর প্রকল্প এর আওতায় মেহেরপুর পৌরসভার হালদার পাড়া ও মালোপাড়ার ড্রেন ও রাস্তার ঢালাই কাজ পরিদর্শন করেন মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন ।

গতকাল মঙ্গলবার বিকালে পৌর মেয়র এসকল এলাকা পরিদর্শন করেন।

এসময় সেখানে পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, নুরুল আশরাফ রাজিব, আব্দুল্লাহ হেল বাপ্পি, সচিব তৌফিকুর আলম, প্রকৌশলী মহাসিন আলীসহ পৌর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুর রাজনগর ফুটবল টুর্নামেন্টে নিরিবিলি ক্লাব জয়ী

মেহেরপুর সদর উপজেলা রাজনগর গ্রামে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টে দরবেশপুর নিরিবিলি স্পোর্টিং ক্লাব ফুটবল একাদশ ১ গোলে জয়ী হয়েছে।
গতকাল মঙ্গলবার বিকালে রাজনগর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ৭০ মিনিটের খেলায় টান টান উত্তেজনায় দরবেশপুর নিরিবিলি স্পোর্টিং

ক্লাব ফুটবল একাদশ ও শ্যামপুর রেইনবো ক্লাবের সাথে খেলায় ড্র করে।

পরবর্তীতে খেলা শেষে ট্রাইব্রেকারে খেলা দরবেশপুর নিরিবিলি স্পোর্টিং ক্লাব ফুটবল একাদশ ৩-২ গোলে শ্যামপুর রেইনবো ক্লাব ফুটবল একাদশ কে পরাজিত করে।

খেলা শেষে ম্যান অব দা ম্যাচ ও সেরা গোলদাতা সহ তিন জনকে প্রাইজবন্ড দিয়ে পুরস্কৃত করা হয়। খেলাটি পরিচালনা করেন জহির উদ্দিন, ইমাদুল ইসলাম, হাসিবুল ইসলাম।

খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার ও শ্রীমতি ভারতী রানী সরকার। এসময় খেলা পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক রবিউল ইসলাম সহ খেলা দেখতে আসা হাজারো দর্শক খেলাটি উপভোগ করেন।

- নিজেস্ব প্রতিনিধি

সাইকেল ভ্রমণে তিন বার্তা পৌঁছালেন তিন তরুণ-তরুণী

তিনটি সচেতনতা বার্তা নিয়ে তিন তরুণ-তরুণী আখাউড়া স্থলবন্দর থেকে সাইকেল ভ্রমণ করে পৌঁছেছেন মেহেরপুরের মুজিবনগরে। মুজিবনগরে পৌঁছানোর মধ্যে দিয়ে তারা এ কর্মসূচী শেষ করেন। সাইকেল ভ্রমণের মাঝে মাঝে তারা ছোট ছোট পথ সভায় মানুষজনের মাঝে এ বার্তা গুলো পৌঁছে দিয়েছেন তিন জন।

সাইকেল আরোহণকারী তিন তরুণ তরুনীদের মধ্যে সতিশ চাকমা, নাসরিন আকতার ও শিউলি শবনম। তাঁরা সকলের চট্টগ্রামের বাসিন্দা। এদের মধ্যে শিউলি শবনম সাংবাদিক। তিনি একুশে টিভিতে কাজ করেন। সতিশ চাকমা চট্রগ্রাম কলেজের সমাজবিজ্ঞান বিভাগের এবং নাসরিন আকতার চট্টগ্রাম হাজী মহুাম্মদ মহসীন কলেজের এমবিএ শিক্ষার্থী।
তিন জন তিনটি সচেতনতা বার্তা নিয়ে অনেক দিন ধরে কাজ করছেন।

তাদের সেই বার্তাগুলো সারাদেশে ছড়িয়ে দিতে তারা সাইকেল ভ্রমণের মাধ্যমে বিভিন্ন জেলায় ঘুরে বেড়াচ্ছেন। এর মধ্যে সতিশ চাকমা কাজ করছেন পরিবেশ সুস্থ রাখার জন্য। তিনি জানান, সুস্থভাবে বেঁচে থাকতে হলে পরিবেশকে সুস্থ রাখার কোন বিকল্প নাই। ময়লা আবর্জনা একটি নির্দিষ্ট স্থানে ফেলতে হবে এবং আগামি প্রজন্মকে সেই অভ্যাস গড়ে তোলার ক্ষেত্রে ভুমিকা রাখতে হবে।

নাসরিন আকতার প্রাণীদের সংরক্ষণ বিষয়ে কাজ করছেন। তিনি জানান, মা কুকুর বিষ দিয়ে মেরে ফেলা হয়। সেটি না করে জীব বৈচিত্র্য সংরক্ষণে তাদের না মেরে বাঁচিয়ে রাখতে হবে। তাদের প্রজননের সময় বিশেষ ব্যবস্থা নিতে হবে। প্রাণী সংরক্ষণ আইন ২০১৯ এর যথাযথ বাস্থবায়নেও এগিয়ে আসতে হবে।

শিউলি শবনম নারীদের এগিয়ে নিতে কাজ করছেন। তিনি জানান, যে সকল সংস্কার নারীদের বিরুদ্ধে কাজে লাগিয়ে তাদের সমাজে পিছিয়ে রাখা হয়। সে সকল সংস্কারের বিরুদ্ধে জনসচেতনতা করে তোলা হচ্ছে।

প্রসঙ্গত, গত ৮ নভেম্বর আখাউড়া স্থলবন্দর থেকে সাইকেল ভ্রমণ শুরু করেন তারা। সেখান থেকে নরসিংদি, টাঙ্গাইল, পাবনার ঈশ্বরদি হয়ে ১১ নভেম্বর সোমবার সন্ধ্যায় তারা মেহেরপুর শহরে পৌঁছান। পরে তাঁরা মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাংবাদিকদের সাথে সাক্ষাৎ করে তাদের কর্মসূচীর বিষয়ে উপস্থাপন করেন। মঙ্গলবার সকালে মুজিবনগরের উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করে এবং মুজিবনগর স্মৃতি সৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে তাদের এ ভ্রমণ শেষ হয়।

- ওবাইদুল, মেহেরপুর

বারাদী ক্যাম্প ইনচার্জ এস আই আব্বাসের নির্যাতনে ৭ জন জখম

নিজস্ব প্রতিবেদক:
মেহেরপুর সদর উপজেলা বারাদী ক্যাম্প ইনচার্জ এসআই আব্বাসের নির্যাতনে নারী সহ ৭জন জখম হয়েছে।

এই ৭ জনকে এসআই আব্বাস পিটিয়ে জখম করেছে বলে অভিযোগ উঠেছে। গত রবিবার সকালে মেহেরপুর সদর উপজেলার কলাইডাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটে। আহতরা বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি আছে। আহতরা হলেন, মুকুলের স্ত্রী ফেরদৌসী খাতুন, মুকুলের কলেজ পড়ুয়া মেয়ে জ্যোতি ও প্রীতি, তার চাচি আরবীয়া খাতুন, সিমা খাতুন, বাবলু মিয়া।
এছাড়াও এস আই আব্বাসের বিরুদ্ধে এলাকার সাধারণ জনগন বিভিন্ন ধরণের অভিযোগ তুলেছে। বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জ হওয়ায় তার বিরুদ্ধে কেউ মুখ খুলতে সাহস পাইনা।
নাম প্রকাশে অনিচ্ছুক অনেক সাধারণ মানুষ জানিয়েছে, এসআই আব্বাস কাছে সাধারণ মানুষ কোন ন্যায় বিচার পাইনা। এলাকার প্রভাবশালীদের কাছের মানুষ হওয়ায় তাদের কথামত কাজ করে।
কতিপই কিছু দালাল ব্যাতিথ ক্যাম্পে গেলে উপকার করা দুরের কথা তাদের সাথে অসদাচারণ করেন বলে অভিযোগ তুলেছে অনেকেই।
৭ জনকে পিটিয়ে জখম করার ঘটনায় স্থানীয় সূত্রে জানা গেছে, সদর উপজেলা কলাইডাঙ্গা গ্রামের কামরুজ্জামান মুকুল এবং আব্দুল হামিদ লিফন এই দুই পরিবারের মাঝে জমি জায়গা নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছে। যে জমি নিয়ে বিরোধ চলছে সেই জমিতে পাচির দেওয়া ছিল। বিবাদী পক্ষ আব্দুল হামিদ লিফন পাচিরটি ভেঙে দেয়।
পাচিরটি ভেঙে দেওয়াই মুকুলদের বাড়ি ফাকা হয়ে যায়। এই দেখে মুকুলের পরিবার ভেঙ্গে যাওয়া পাচিরে উপর বেড়া দেওয়াই আব্দুল হামিদ বারাদি পুলিশ ক্যাম্পে খবর দেয়।
পরে ক্যাস্প ইনচার্জ আব্বাস আলী সহ কয়েকজন পুলিশ এসে মুকুলের স্ত্রী সহ সকলের উপরে লাঠিচার্জ করে।
এ বিষয়ে আহত মুকুলের স্ত্রী ফেরদৌসী খাতুন জানান, হঠাৎ করে বারাদি ক্যাম্পের পুলিশ আমাদের বাড়িতে প্রবেশ করে এবং আমাদেরকে অকথ্য ভাষায় গালাগালি করে। এ গালাগালির প্রতিবাদ করলে আমার দুই মেয়ে সহ আমাকে লাঠিপেটা করে এবং আমাকে ধাক্কা দিয়ে ফেলে দেয়। আমার জামাকাপড় ছিড়ে শ্লীলতাহানির চেষ্টা করে। তারপর আমি জ্ঞান হারিয়ে ফেলি। ধাক্কা দিয়ে ফেলে দেওয়ায় আমার বুকে লাগে। আমার এখন শ্বাস কষ্ট হচ্ছে।
মনসুর আলীর স্ত্রী আরবীয়া খাতুন জানান, পুলিশ বাড়িতে ঢুকেই কোন কথা না বলেই লাঠিচার্জ শুরু করে আমাদের উপর। এসময় বাড়িতে কোন পুরুষ লোক ছিল না সবাই মাঠের জমিতে গিয়েছিল। বাড়ির মহিলারা বিভিন্ন কাজে ব্যস্ত ছিল। এসময় বাড়িতে কাজ করা তিন জনকে ধরে গাড়িতে তোলে। আমরা কথা বললে আমাকে মারতে শুরু করে। আমার মাজায় ও পিঠে কাঠ দিয়ে দুইটা আঘাত করে।

তারপর আমার ছেলের বউ কিছু বললে তাকেও মারতে শুরু করে। এ সময় আমার ছেলের বউকে ঠেকাতে গেলে পুনরায় আমাকে ধাক্কা মেরে ফেলে দেয়। এরপর নজির আলি, সাজিব আর সোহানকে ধরে নিয়ে যায়।
কামরুজ্জামান মুকুল বলেন, আমাদের পরিবারের সাথে আব্দুল হামিদ লিফন দের মাঝে জমি জায়গা নিয়ে দীর্ঘদিন বিরোধ চলছে।
এবিষয় নিয়ে বারাদি ক্যাম্পে লিফন প্রায়ই অভিযোগ করে। এ নিয়ে বারাদি ক্যাম্প ইনচার্জ এসআই আব্বাস আমাকে বিভিন্ন হুমকি দেয়। এর মধ্যে সে বাড়িতে এসে পুরুষ মানুষ না পেলে মহিলাদের কে অকথ্য ভাষায় গালাগালি করে।
গত সপ্তাহে আমার মেজো ভাই ও আমার স্ত্রীকে হ্যান্ডকাপ লাগিয়ে গাড়িতে তোলার চেষ্টা করছিল এ সময় অনেকে বাধা দিলে নিয়ে যেতে পারিনি। যে জমি নিয়ে সমস্যা হচ্ছে সেই জমিতে পাশের দেওয়াল ছিল । সেই দেওয়াল বিবাদী পক্ষ ভেঙে দেওয়াই আমাদের বাড়িটির সীমানা ফাঁকা হয়ে যায়। ওই পাচীরে ওপর দিয়ে আমরা বেড়া দিলে লিফন বারাদি ক্যাম্পে খবর দেয়।
গতকাল সোমবার বারাদী ক্যাম্পের এস আই আব্বাস আলী এসে বেড়া দিয়েছে বলে আমার চাচা বাবলুকে হ্যান্ডকাপ পরিয়ে দেয়। বাবলু চাচাকে টানা হেঁচড়া করে নিয়ে যাওয়ার সময় সে অজ্ঞান হারিয়ে ফেলে। তিনি আরও বলেন, এই ঘটনায় আমাদের বাড়ির মহিলারা আব্বাস আলীর সাথে কথা বলতে গেলে সে এবং তার সাথে থাকা সঙ্গী পুলিশ আমার পরিবারের উপর লাঠিচার্জ করে এতে তারা আহত হয়। সেই সাথে আমার বাড়িতে কাজ করছিল তিনজনকে আটক করে নিয়ে যায় ক্যাম্পে।
তিনি আরো জানান, জমিজমা বিষয় নিয়ে আমার বাপকে মাডার করা হয়েছিল। সে মামলায় আব্দুল হামিদ লিফন ৩ নং আসামি।
গত শনিবার এ বিষয় নিয়ে এস আই আব্বাস আমাকে মামলা তুলে নেওয়ার জন্য হুমকি দিয়ে বলে মামলা তুলে নিতে হবে ও জমি-জমা ফেরত দিতে হবে।
আপনি পুলিশের লোক হয়ে জনগণকে এ ধরনের কথা বলা ঠিক না একথার জবাবে এস আই আব্বাস বলে তোর বাবা তো সন্ত্রাসী ছিল। এমনিতে মাডার হয়েছে নাকি? মুকুল আরও বলেন, এস আই আব্বাস আলী এক বছর বারাদি ক্যাম্পে আশায় প্রতিনিয়ত এই জমিজমা বিষয় নিয়ে আমাদেরকে হুমকি দিয়ে আসছে এবং বাড়িতে এসে অকথ্য ভাষায় গালাগালি করে। ১০০ বছর ধরে এই জমিতে আমরা বাড়ি করে আছি। এই জমি নিয়ে আদালতে মামলা চলছে। মামলা শেষ হলে যার জমি সে পাবে। এর আগে এস আই আব্বাস আলী আমার ভাইকে ধরে নিয়ে যে ৫০ হাজার টাকা নিয়ে ছেড়েছে। আমাকে প্রতিনিয়ত এখন কে হুমকি দেয় যে তোকে ক্রসফায়ার দেবো। আমি সহ আমার পরিবারের সকলেই আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছি।

বারাদি ক্যাম্প ইনচার্জ এস আই আব্বাস আলীর কাছে জানতে চাইলে তিনি বলেন, আমার কাছে অভিযোগ আসলে আমি ঘটনা স্থলে যায়। ঐ স্থানে গিয়ে দেখি প্রাচীরের উপর বেড়া দিচ্ছে মুকুলের পরিবার। আমি কয়েকটি কথা বলায় মহিলাদের সাথে কয়েকটি কথা হয়। তারপর আমি চলে আসি। মহিলাদের পিটিয়ে আহত করেছে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমার বিরুদ্ধে যেসকল অভিযোগ উঠেছে সকল তথ্য মিথ্যা।
এবিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোস্তাফিজুর রহমান জানান, আমি ঘটনাস্থল পরিদর্শন করি এবং সেখানে স্থানীয়দের সাথে কথা বলেছি। ঐ জমি নিয়ে উভয় পক্ষের মধ্যে মামলা চলছে। সেখানে প্রাচীর দেওয়া ছিল। প্রাচীর ভেঙ্গে যাওয়া মকুলের পরিবার বেড়া দেওয়াতে এ ঘটনাটি ঘটে।
এস আই আব্বাসের বিষয়ে তিনি বলেন, কোন পুলিশ যদি মহিলাদের গায়ে হাত দেয় তাহলে ঘটনা তদন্ত করে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে বিষপানে যুবকের আত্মহত্যা

মেহেরপুর গাংনীতে সাগর হোসেন (১৮) নামে এক যুবক বিষপান করে আত্মহত্যা করেছে।
গত শনিবার রাতে উপজেলার করমদি সরকার পাড়ার নিজ বাড়িতে তার মৃত্যু হয়। সাগর হোসেন করমদি গ্রামের মুক্তার আলীর ছেলে।
সাগরের পরিবার ও স্থানীয়রা জানায়, গত বৃহস্পতিবার সন্ধ্যায় সাগর হোসেন পারিবারিক কলহের জের ধরে বিষপান করে। বিষপানের পর সাগর হোসেন ছটফট করতে থাকলে পরিবারের লোকজন তাকে করমদির সন্ধানী হাসপাতালে ভর্তি করেন। সেখানে তার অবস্থার অবনতি ঘটলে রাজশাহী একটি হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি ঘটলে ডাক্তার তাকে বাড়ি ফেরত দিলে গত শনিবার রাতে নিজ বাড়িতে তার মৃত্যু হয়।

সাইকেল ভ্রমণে তিন বার্তা পৌছালেন তিন তরুণ-তরুণী

তিনটি সচেতনতা বার্তা নিয়ে তিন তরুণ-তরুণী আখাউড়া স্থলবন্দর থেকে সাইকেল ভ্রমণ করে পৌছেছেন মেহেরপুরের মুজিবনগরে। মুজিবনগরে পৌছানোর মধ্যে দিয়ে তারা এ কর্মসূচী শেষ করেন। সাইকেল ভ্রমণের মাঝে মাঝে তারা ছোট ছোট পথ সভায় মানুষজনের মাঝে এ বার্তা গুলো পৌছে দিয়েছেন তিন জন।

সাইকেল আরোহণকারী তিন তরুণ তরুনীদের মধ্যে সতিশ চাকমা, নাসরিন আকতার ও শিউলি শবনম। তাঁরা সকলের চট্টগ্রামের বাসিন্দা। এদের মধ্যে শিউলি শবনম সাংবাদিক। তিনি একুশে টিভিতে কাজ করেন। সতিশ চাকমা চট্রগ্রাম কলেজের সমাজবিজ্ঞান বিভাগের এবং নাসরিন আকতার চট্টগ্রাম হাজী মহুাম্মদ মহসীন কলেজের এমবিএ শিক্ষার্থী।

তিন জন তিনটি সচেতনতা বার্তা নিয়ে অনেক দিন ধরে কাজ করছেন। তাদের সেই বার্তাগুলো সারাদেশে ছড়িয়ে দিতে তারা সাইকেল ভ্রমণের মাধ্যমে বিভিন্ন জেলায় ঘুরে বেড়াচ্ছেন। এর মধ্যে সতিশ চাকমা কাজ করছেন পরিবেশ সুস্থ রাখার জন্য। তিনি জানান, সুস্থভাবে বেঁচে থাকতে হলে পরিবেশকে সুস্থ রাখার কোন বিকল্প নাই। ময়লা আবর্জনা একটি নির্দিষ্ট স্থানে ফেলতে হবে এবং আগামি প্রজন্মকে সেই অভ্যস গড়ে তোলার ক্ষেত্রে ভুমিকা রাখতে হবে।

নাসরিন আকতার কাজ করছেন প্রাণীদের সংরক্ষণ বিষয়ে তিনি কাজ করছেন। তিনি জানান, মা কুকুর বিষ দিয়ে মেরে ফেলা হয়। সেটি না করে জীব বৈচিত্র্য সংরক্ষণে তাদের না মেরে বাঁচিয়ে রাখতে হবে। তাদের প্রজননের সময় বিশেষ ব্যবস্থা নিতে হবে। প্রাণী সংরক্ষণ আইন ২০১৯ এর যথাযথ বাস্থবায়নেও এগিয়ে আসতে হবে।

শিউলি শবনম নারীদের এগিয়ে নিতে কাজ করছেন। তিনি জানান, যে সকল সংস্কার নারীদের বিরুদ্ধে কাজে লাগিয়ে তাদের সমাজে পিছিয়ে রাখা হয়। সে সকল সংস্কারের বিরুদ্ধে জনসচেতনতা করে তোলা হচ্ছে।

প্রসঙ্গত, গত ৮ নভেম্বর আখাউড়া স্থলবন্দর থেকে সাইকেল ভ্রমণ শুরু করেন তারা। সেখান থেকে নরসিংদি, টাঙ্গাইল, পাবনার ঈশ্বরদি হয়ে ১১ নভেম্বর সোমবার সন্ধ্যায় তারা মেহেরপুর শহরে পৌছান। পরে তনারা মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাংবাদিকদের সাথে সাক্ষাৎ করে তাদের

কর্মসূচীর বিষয়ে উপস্থাপন করেন। মঙ্গলবার সকালে মুজিবনগরের উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করে এবং মুজিবনগর স্মৃতি সৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে তাদের এ ভ্রমণ শেষ হয়।

-নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে মৃদুলের নেতৃত্বে যুবলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে যুবলীগের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষীকি পালন করা হয়েছে। এ উপলক্ষে জেলা আওয়ামী লীগের কার্যালয় থেকে একটি আনন্দ র্যালী বের করা হয়।

র্যালীটি মেহেরপুর শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা আওয়ামী লীগের কার্যালয়ে এস শেষ হয়। পরে সেখানে কেক কেঁটে প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, জেলা যুবলীগর সাবেক সহ সভাপতি শামীম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি বারিকুল ইসলাম লিজন, সহ সভাপতি একে আজাদ সাগর, যুবলীগ নেতা কামাল হোসেন জুয়েল সহ যুবলীগের নেতা কর্মিরা।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে যুবলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে যুবলীগের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষীকি পালন করা হয়েছে। মঙ্গলবার সন্ধায় জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে পৌরসভার সম্মেলন কক্ষে কেক কেটে প্রতিষ্ঠা বার্ষীকি পালন করা হয়।

এর যুবলীগের প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভার আয়োজন করা হয়।

এসময় বক্তব্য দেন জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, জেলা যুবলীগের সদস্য ইয়ানুস আলী,মাহাবুব হাসান ডালিম, যুবলীগ নেতা হিলন, সদর উপজেলা যুবলীগের যুগ্ম আহবায়ক মিজানুর রহমান অপু, সদর উপজেলা যুবলীগের আহবায় মিজানুজ্জামান অপু, কাউন্সিলর আল মামুন।

এসময় উপস্থিত ছিলেন, বিভিন্ন ইউনিয়ন যুবলীগের সভাপতি-সাধারণ সম্পাদক সহ যুবলীগের নেতা কর্মিরা।

- নিজস্ব প্রতিনিধি